

Times Today BD

ডেস্ক রিপোর্ট | ময়মনসিংহ | 07 April, 2025

জামালপুরের বকশীগঞ্জ উপজেলা নির্বাহী কর্মকর্তা (ইউএনও) মাসুদ রানাসহ তিন কর্মকর্তার বিরুদ্ধে চাঁদাবাজির অভিযোগে মামলা হয়েছে। অভিযুক্ত অন্য দুই কর্মকর্তা হলেন, শেরপুরের নালিতাবাড়ী উপজেলা নির্বাহী কর্মকর্তা ফারজানা আক্তার ববি এবং নালিতাবাড়ী উপজেলার সহকারী কমিশনার (ভূমি) আনিসুর রহমান।

সোমবার (৭ এপ্রিল) দুপুরে শেরপুরের বিজ্ঞ সি.আর. আমলি আদালতে এই মামলা দায়ের করেন মোহাম্মদ গোলাপ হোসেন নামের এক ব্যক্তি।

মামলায় বাদী গোলাপ হোসেন উল্লেখ করেন, ২০২৪ সালের ১৩ জুন নিলাম বিজ্ঞপ্তির মাধ্যমে তিনি ২৫ হাজার ঘনফুট বালু সরকারিভাবে কিনে এর অর্থ সরকারি কোষাগারে জমা দেন। তখন নালিতাবাড়ীর ইউএনও হিসেবে দায়িত্বে থাকা মাসুদ রানা তাকে বালু বুঝিয়ে না দিয়ে ৬ লাখ টাকা চাঁদা দাবি করেন।

চাঁদা দিতে অস্বীকৃতি জানালে বাদীর প্রতি হয়রানি শুরু হয়। পরবর্তীতে মাসুদ রানা বকশীগঞ্জ উপজেলায় বদলি হন। এরপর বর্তমান ইউএনও ফারজানা আক্তার ববি ও এসি (ভূমি) আনিসুর রহমানের যোগসাজশে বালুটি অন্যত্র বিক্রি করে দেওয়া হয় বলে অভিযোগ করেছেন বাদী।

তিনি আরও জানান, জেলা প্রশাসকসহ বিভিন্ন দপ্তরে অভিযোগ করেও কোনো সুরাহা না পেয়ে আদালতের দ্বারস্থ হয়েছেন। আদালত বিষয়টি আমলে নিয়ে বিজ্ঞ আদালত জেলা পুলিশের অতিরিক্ত পুলিশ সুপারকে তদন্তের নির্দেশ দিয়েছেন।

বাদীপক্ষের আইনজীবী সিনিয়র অ্যাডভোকেট জাহিদুল হক আধার বলেন, আসামিরা পরস্পর যোগসাজশে আমার মক্কেল গোলাপ হোসেনের কাছে ৬ লাখ টাকা চাঁদা দাবি করেন এবং তাকে নানাভাবে হয়রানি করেন। এ ঘটনায় তিনি আদালতে মামলা করেছেন। আমরা আশা করছি, আদালত থেকে ন্যায়বিচার পাব।

মামলার বিষয়টি নিশ্চিত করেছেন শেরপুর কোর্ট পুলিশ ইন্সপেক্টর জিয়াউর রহমান।

ইউএনও এসিল্যান্ড চাঁদাবাজি মামলা